

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : বিশ্বাস রাসেল হোসেন, জেলা প্রশাসক, পাবনা।
সভার স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
সভার তারিখ : ১৮ সেপ্টেম্বর ২০২২, রোজ : রবিবার, বেলা ২:৩০ ঘটিকা।

উপস্থিত উপস্থিত সদস্যদের তালিকা

: পরিশিষ্ট - 'ক'।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণের নিমিত্ত গঠিত কমিটির ত্রৈমাসিক ভিত্তিতে সভা আহ্বান এবং সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন দাখিলের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩) এ উল্লেখ আছে। মূলত এ কমিটি এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতির বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করবে এবং সুষ্ঠুভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। অতঃপর নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয় এবং প্রয়োজনীয় সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	এ কার্যালয়ের ওয়েব পোর্টাল সর্বদা হালনাগাদ রাখা প্রয়োজন। জনগণ যেন প্রয়োজনীয় তথ্য সহজে পেতে পারে সে বিষয়টিও বিবেচনায় রাখা দরকার। ওয়েবপোর্টাল পর্যালোচনায় দেখা যায় অধিকাংশ সেবা বন্ধ হালনাগাদ করা হয়েছে। কিছু কিছু সেবা নির্ধারিত সেবা বন্ধে আপলোড করা হয়নি।	ওয়েবপোর্টাল সবসময় হালনাগাদ রাখতে হবে এবং সাধারণ জনগণ যেন সহজে তথ্য পায় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হলো।	সহকারী কমিশনার (সকল) জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
০২.	এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনায় দেখা যায় যে, সেবা প্রদানকালে কর্মকর্তা-কর্মচারীগণের প্রতিশ্রুতিতে উল্লেখিত সময়ের বিষয়টি স্মরণে না থাকায় নির্ধারিত সময়ে সেবা প্রদান সম্ভব হয় না। এজন্য এ কার্যালয়ের প্রতিটি শাখা ও ভারপ্রাপ্ত কর্মকর্তার অফিস কক্ষে তার শাখা সংশ্লিষ্ট সেবা প্রদান প্রতিশ্রুতি বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা করা প্রয়োজন।	প্রতিটি শাখা ও ভারপ্রাপ্ত কর্মকর্তার অফিস কক্ষে তার শাখা সংশ্লিষ্ট সেবা প্রদান প্রতিশ্রুতি বোর্ডে প্রদর্শনের সুপারিশ করা হলো।	সহকারী কমিশনার (নেজারত শাখা)

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(আফরোজা আখতার)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

পাবনা

ও

আহ্বায়ক

সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি

টেলিফোনঃ ০২৫৮৮৮৪৫৫৪১

email-adcgpabna@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
(সাধারণ শাখা)
www.pabna.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৭৬০০.০১০.১২.০২৮.২২. ৪৭০


তারিখঃ ২৭ আশ্বিন ১৪২১
০৪ অক্টোবর ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ০১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)
০২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পাবনা
০৩। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), পাবনা
০৪। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা/রেভিনিউ ডেপুটি কালেক্টর/জেনারেল সার্টিফিকেট অফিসার/ট্রেজারি অফিসার/নেজারত ডেপুটি কালেক্টর, পাবনা
০৫। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সকল শাখা), জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
০৭। প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা


(ফারিনা কারিম)

সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা

ও

সদস্য সচিব

সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি

ফোনঃ ০২৫৮৮৮৪৫৭৪৭

email-ac.genpab@gmail.com